ভর্তির শর্তাবলি

০১. অত্র মাদরাসার সকল শিক্ষার্থীকে অবশ্যই আহলে সুন্নাত ওয়াল জামাতের আকীদার অনুসারী হতে হবে।

০২. **অত্র মাদরাসায় অধ্যয়নকালে যেকোনো রাজনৈতিক সংগঠন বা অঙ্গ সংগঠনের সাথে সম্পৃক্ত থাকা সম্পূর্ণ নিষিদ্ধ। কোনো ধরণের সম্পৃক্ততা পাওয়া গেলে ভর্তি বাতিল করা হবে।**

০৩. অবশ্যই সকল শিক্ষার্থীকে এক বোতামের নেসফে সাক সাদা গোল জামা, সাদা পাজামা, সাদা গোল টুপি, সাদা হাফহাতা গেঞ্জি, মিসওয়াক, ঢিলা-কুলুখ ও নামাযে জায়নামায-পাগড়ি ব্যবহার করতে হবে।

০৪. কার্যদিবসের প্রথম দিন থেকেই ইউনিফর্ম পরিধান করে ক্লাসে বসতে হবে।

০৫. কোনে অবস্থাতেই দাঁড়ি ছাটা-কাটা চলবে না এবং সুন্নত তরিকা অনুযায়ী চুল কাটাতে হবে।

০৬. পরস্পর ছাত্র ভাই, উস্তাদ ও সকল শ্রেণীর লোকের সাথে সৌজন্যমূলক আচরণ করতে হবে।

০৭. কোনো অবস্থাতেই বিনা অনুমতিতে মাদরাসা থেকে বের হতে এবং ক্লাসে অনুপস্থিত থাকতে পারবে না।

০৮. অত্র মাদরাসা সম্পূর্ণ আবাসিক প্রতিষ্ঠান বিধায় থাকা ও খাওয়া সম্পূর্ণ আবাসিকভাবেই গ্রহণ করতে হবে।

০৯. **মাদরাসায় অবস্থানকালে ব্যক্তিগত মোবাইল ফোন, আয়রন, হিটার ইত্যাদিসহ সবধরণের ইলেকট্রনিক ডিভাইস রাখা ও ব্যবহার করা সম্পূর্ণরূপে নিষিদ্ধ। পাওয়া গেলে ভেঙ্গে ফেলা হবে। এমনকি ভর্তিও বাতিল হতে পারে।**

১০. অত্র প্রতিষ্ঠানে অধ্যয়নরত অবস্থায় কোনোভাবেই অন্য কোনো প্রতিষ্ঠানে ভর্তি হওয়া বা রেজিস্ট্রেশন করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে সাথে সাথে বহিষ্কার করা হবে।

১১. এখানে অধ্যয়নকালে কোনো সমিতি, সংস্থা বা প্রতিষ্ঠানের সদস্য হওয়া যাবে না।

১২. মাদরাসার রুটিন কার্যক্রম যথাযথভাবে মেনে চলতে হবে।

১৩. মাদরাসা এবং এর যাবতীয় আসবাবপত্র যথানিয়মে হেফাজত করতে হবে।

১৪. মাদরাসা কর্তৃক নির্ধারিত তারিখ অনুযায়ী সাহিত্য-মজলিস, বিতর্ক-অনুষ্ঠান, সাপ্তাহিক জলসা, বক্তৃতা, আবৃত্তি, রচনা, দেয়ালিকা ও ক্রীড়া প্রতিযোগিতাসহ সকল সহ-শিক্ষা কার্যক্রমে অংশ গ্রহণ করতে হবে।

১৫. **ভর্তির পর অন্য প্রতিষ্ঠানে স্থানান্তরিত হতে পারবেনা। একান্ত স্থানান্তরিত হতে হলে ০৬ মাসের পূর্ণ খরচ জমা দিয়ে যেতে হবে।**

অঙ্গীকার নামা

আমি স্বজ্ঞানে অঙ্গীকার করছি যে, উল্লিখিত শর্তাবলি যথাযথভাবে মেনে চলব। যদি শর্তাবলির পরিপন্থি কিছু আমার মাঝে পরিলক্ষিত হয়, তবে মাদরাসা কর্তৃপক্ষের যে কোনো সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকব। এমনকি বহিষ্কার করলেও আমার বা আমার অভিভাবকের কোনো প্রকার আপত্তি থাকবে না।